দৈনিক ইনকিলাব

59

OCT. 0 1 1999

তারিখ ...............
পৃষ্ঠা ৮ ... কলাম ২ ......

# বুধবার রাতে সূর্যসেন হলে ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির অস্বাভাবিক আচরণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গত বুধবার গভীর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরীর আচরণ উপস্থিত সকলের কাছে অস্বাভাবিক ঠেকেছে। বুধবার রাতে সূর্যসেন হলে ছাত্র-লীগের দু'গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়ার খবর শুনে স্বয়ং ভিসি, প্রক্টর, হল প্রভোস্ট, রমনা থানার ওসিসহ হলে ছুটে যান।

এ সময় তিনি হলের এদিক-ওদিক ছুটাছুটি করেন। তার চলাচল, কথাবার্তা ও আচরণ স্বাভাবিক ছিল না। তিনি এক্কেকজনকে একেক কথা বলতে থাকেন। রমনা থানার ওসি রফিক এ সময় হলের ভিতর প্রবেশ করতে চাইলে ভিসি আজাদ চৌধুরী তাকে ধমকিয়ে বলেন, তোমাদের স্বরাষ্ট্রমন্ত্রী আমার প্রয়োজন নেই। প্রধানমন্ত্রী আমার সাথে আছে। তার ধমকে ওসি রফিক কাচুমাচু হয়ে হলের গেটে দাঁড়িয়ে থাকেন। ভিসি এ সময় সকলকে হতবাক করে এ ব্যাপারে প্রধানমন্ত্রীর কাছে ফোন করেন। পরে হলে

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ ভিসির আচরণ

৮-এর পৃষ্ঠার পর

একজন ছাত্রের রুমে গিয়ে তাকে জিজ্ঞেস করেন, তোমার রুমে কি সন্ত্রাসী থাকে? তার এই অস্বাভাবিক আচরণ উপস্থিত ছাত্র-শিক্ষক সকলের মধ্যে বিস্ময়ের সৃষ্টি করে।